



D.O. No..... Date.....

নিবীজকরণ (এনএসভি) পক্ষ উদ্যাপন উপলক্ষে
মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকার এর আবেদন

নিবীজকরণ (এনএসভি) পক্ষ ২১ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর ২০১৮ সারা দেশে পালিত হচ্ছে। পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতির মধ্যে অন্যতম হচ্ছে নন স্কেলপেল ভ্যাসেকটমি অর্থাৎ পুরুষদের নিবীজকরণ পদ্ধতি। যদিও আমাদের দেশে এই পদ্ধতি গ্রহণকারী পুরুষদের সংখ্যা কম। মহিলাদের বন্ধ্যাত্বকরণের পাশাপাশি পুরুষদেরও এগিয়ে আসতে হবে, কারণ, পরিবার পরিকল্পনায় পুরুষদের অংশগ্রহণ তাঁর সম্মান বৃদ্ধি করে। এ বছরের ভাবনা- “পুরুষরা হলেন নতুনভাবে পরিচিত, পরিবার পরিকল্পনা গ্রহণে হলেন সম্মানিত।” মনে রাখবেন পুরুষদের নিবীজকরণ (এনএসভি) খুবই সহজ, নিরাপদ ও স্থায়ী পদ্ধতি। সেলাইবিহীন, যন্ত্রণাহীন এই পদ্ধতিতে অপারেশনের ফলে শারীরিক ক্ষমতা একেবারেই কমে না। কোনও পুরুষ পুরুষত্বহীন হন না। পরিবার পরিকল্পনার সুফল গ্রহণ প্রয়োজন এমন পুরুষদের নিবীজকরণে উদ্বুদ্ধ করতে এবং পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতি গ্রহণ করতে আমি আহ্বান জানাচ্ছি।

সুদীপ রায় বর্মান

(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী
ত্রিপুরা সরকার